# রাজশাহীতে নারীসহ ফ্ল্যাট থেকে ওসি মাহবুবকে উদ্ধার



ছবি: সংগৃহীত

রাজশাহীতে একটি ফ্ল্যাটের দরজা ভেঙে পুলিশ কর্মকর্তা মাহবুব আলম ও এক নারীকে উদ্ধার করেছে পুলিশ ও ফায়ার সার্ভিস। শুক্রবার ( ১৮ সেপ্টেম্বর) সকালে নগরীর নাদির হাজীর মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় বাসিন্দা ও প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, সকালে ফ্ল্যাটটির ভেতর থেকে দীর্ঘ সময় কোনো সাড়া না পাওয়ায় বিষয়টি নিয়ে সন্দেহ তৈরি হয়। পরে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা সেখানে গিয়ে দরজা ভেঙে ভেতরে প্রবেশ করেন। এ সময় মাহবুব আলম ও তাঁর সঙ্গে থাকা ওই নারীকে বের করে আনা হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনাস্থলে মাহবুব আলমের আরেক স্ত্রী আন্নী আক্তারও উপস্থিত ছিলেন। সেখানে তিনি মাহবুব আলমের একাধিক বিয়ে এবং বিভিন্ন নারীর সঙ্গে সম্পর্ক থাকার অভিযোগ করেন।

পুলিশ জানায়, ফ্ল্যাট থেকে উদ্ধারের পর মাহবুব আলম তাঁর সঙ্গে থাকা নারীকে নিজের বিবাহিত স্ত্রী হিসেবে পরিচয় দেন। তাদের বৈবাহিক সম্পর্কের বিষয়টি যাচাই করতে দুজনকেই নগরীর চন্দ্রিমা থানায় নেওয়া হয়েছে।

রাজশাহী মহানগর পুলিশের মুখপাত্র গাজীউর রহমান বলেন, মাহবুব আলমকে এখন পর্যন্ত আটক করা হয়নি। তাঁর সঙ্গে থাকা নারীকে তিনি স্ত্রী হিসেবে দাবি করেছেন। তাদের বৈবাহিক সম্পর্ক যাচাই-বাছাইয়ের জন্য থানায় নেওয়া হয়েছে।

এর আগেও মাহবুব আলমকে ঘিরে বিভিন্ন অভিযোগের তথ্য পাওয়া যায়। ২০২৪ সালের জুলাইয়ে চন্দ্রিমা থানার ওসি থাকার সময় তাঁর দপ্তরে এক ব্যক্তির সঙ্গে খাম আদান-প্রদানের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। পরে তাঁকে থানা থেকে প্রত্যাহার করে সদর দপ্তরে সংযুক্ত করা হয়। ওই ঘটনায় তদন্তের কথাও জানিয়েছিল রাজশাহী মহানগর পুলিশ (আরএমপি)।

এর আগে ২০২৩ সালে চারঘাট মডেল থানার ওসি থাকাকালে এক নারীর কাছে সাত লাখ টাকা ঘুষ চাওয়ার অভিযোগ ওঠে তাঁর বিরুদ্ধে। অভিযোগের পর তাঁকে প্রত্যাহার করা হয়। পরে পুলিশের তদন্তে ছড়িয়ে পড়া অডিওটি মাহবুব আলমের কথোপকথনের বলে উল্লেখ করা হয়। তবে মাহবুব আলম তখন অডিওটি সম্পাদিত বলে দাবি করেছিলেন। বিষয়টি যাচাই-বাছাই করা হচ্ছে বলে সে সময় গণমাধ্যমকে জানিয়েছিল পুলিশ।